গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৩০.২৩.১৪০৬ তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

বিষয়: **রিট পিটিশন নং ১২৬৭৯/২০২৩ মোকদ্দমার রুলের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১২৬৭৯/২০২৩-এর ১৭/১০/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার মনপুরা উপজেলাধীন হাজিরহাট ইউনিয়নের চর যতিন মৌজার জে.এল নং-৬৪, বি.এস দাগ নম্বর-১৬৭৬, খতিয়ান নং-১-এর আওতাধীন সরকারি খাল এবং কালভার্ট অবৈধ দখলদারের নিকট হতে পুনরুদ্ধারের প্রার্থনার্থে পিটিশনার ড. সাইফ উদ্দিন মাহমুদ, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট রিট পিটিশন নং ১২৬৭৯/২০২৩ দায়ের করেন। এ মোকদ্দমায় সচিব, ভূমি মন্ত্রণালয়-কে ১নং, স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ২নং এবং জেলা প্রশাসক, ভোলা-কে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশসহ তর্কিত বিষয়ে নিম্নোক্ত রুল প্রদান করেন:

> "...why the Respondent Nos. 4, 6 and 8 should not be directed to dispose of the representation dated 10.11.2022 for a Direction upon the respondents to recovering the Government canal and culvert which is stated at plot No. 1676 Towji No. 39, J.L-64 Mouza Char Jatin, R.S. Khatian No. 1, under the Police Station Monpura, District Bhola which is occupied by the unauthorized person..."

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১২৬৭৯/২০২৩ মোকদ্দমাটি ভূমি মন্ত্রণালয় সংশ্লিষ্ট হওয়ায় রুলের নির্দেশনা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ মোকদ্দমার রুলের কপি নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.............পাতা। (7864/potrojariAttachmentRef/51596/0/2240)

৪-১২-২০২৩
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

সচিব
ভূমি মন্ত্রণালয়


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৩০.২৩.১৪০৬/১(৫) তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪৩০
০৪ ডিসেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ

৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

৫) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ



৪-১২-২০২৩

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)